

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মাননীয় মন্ত্রীর দপ্তর

প্রেস বিজ্ঞপ্তি

নং-২০২০/১২/২৮-১

উগ্র ধর্মান্ধতা ও জঞ্জীবাদ থেকে জাতিকে রক্ষা করতে সংস্কৃতিকে ছড়িয়ে দিতে হবে

-মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী

ঢাকা, ২৮ ডিসেম্বর ২০২০ (সোমবার)

উগ্র ধর্মান্ধতা ও জঞ্জীবাদ থেকে জাতিকে রক্ষা করতে সংস্কৃতিকে বেশি করে ছড়িয়ে দিতে হবে বলে মন্তব্য করেছেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী শ ম রেজাউল করিম এমপি।

সোমবার (২৮ ডিসেম্বর) সন্ধ্যায় রাজধানীর শেরে বাংলা নগরের বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বেসরকারি টেলিভিশন আরটিভি আয়োজিত '১০ম আরটিভি স্টার অ্যাওয়ার্ড, ২০২০' প্রদান অনুষ্ঠানে মন্ত্রী এ মন্তব্য করেন।

অনুষ্ঠানে মন্ত্রী আরো বলেন, "হাজার বছরের অকৃত্রিম ঐতিহ্য হচ্ছে হিন্দু, মুসলিম, বৌদ্ধ ও খ্রিস্টানের অসাম্প্রদায়িক বাংলাদেশ। সে বাংলাদেশকে মাঝে মধ্যেই ছোবল দেয় সাম্প্রদায়িক উগ্র গোষ্ঠী। তারা ১৯৪৭ সালে সেই স্বপ্নে বিভোর ছিলো, পরবর্তীতে সাম্প্রদায়িক দাঙ্গা করেছিলো। মুক্তিযুদ্ধের সময় তারা ইসলামের নাম ব্যবহার করে এদেশকে ধ্বংস করতে চেয়েছিলো। সাম্প্রতিক সময়ে আবার তারা মাথাচাড়া দিয়ে উঠার দুঃসাহস দেখাচ্ছে। সেক্ষেত্রে শিল্প মাধ্যমে যারা আছেন, যারা অভিনয়ের সাথে সংশ্লিষ্ট আছেন তাদের ক্ষেত্রকে সম্প্রসারিত করা দরকার।"

তিনি আরো যোগ করেন, "একজন শিল্পীর একটি ভূমিকা অনেক ক্ষেত্রেই রাজনীতিবিদদের এক মাসের বক্তৃতার চেয়ে অনেক বেশি ভূমিকা রাখে। বাঙালির নিজস্ব সংস্কৃতি, ইতিহাস ও ঐতিহ্য, আমাদের জারি, সারি, পল্লীগীতি, যাত্রা, নাটক ও চলচ্চিত্রকে আরো সমৃদ্ধ করতে হবে। আমাদের এ জায়গাটা তুলে ধরতে হবে, এ বাংলাদেশ শিল্প ও সংস্কৃতির বাংলাদেশ। এ বাংলাদেশ মৌলবাদীদের ছোবলের বাংলাদেশ নয়।"

অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে আরো শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান এমপি, আরটিভির ভাইস চেয়ারম্যান জসিম উদ্দিন, ব্যবস্থাপনা পরিচালক হুমায়ুন কবির বাবলু ও প্রধান নির্বাহী কর্মকর্তা সৈয়দ আশিক রহমান।

অনুষ্ঠানে ২০২০ সালের ১ জানুয়ারি থেকে ২৬ ডিসেম্বর পর্যন্ত আরটিভিতে প্রচারিত সকল নাটকের মধ্য থেকে সৃজনশীল নাট্যকার, নাট্য পরিচালক ও অভিনয় শিল্পীদের অ্যাওয়ার্ড প্রদান করা হয় এবং বরণ্য নাট্যব্যক্তিত্ব মামুনুর রশীদকে আজীবন সম্মাননায় ভূষিত করা হয়। মামুনুর রশীদের হাতে আজীবন সম্মাননা অ্যাওয়ার্ড তুলে দেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী।

স্বাক্ষরিত/-

মোঃ ইফতেখার হোসেন

জনসংযোগ কর্মকর্তা

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

মোবাইলঃ ০১৭৭৫২২৫৬৯০